

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪২৪

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

بَابُ الدَّعْوَاتِ فِي الْأَوْقَاتِ

### আরবী

وَعَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا كَانَ فِي سَفَرٍ وَأَسْحَرَ يَقُولُ: «سمع سامع يحمد الله وَحسن بلائه علينا وربنا صاحبْنا وَأَفْضِلْ عَلَيْنَا عَائِذًا بِاللَّهِ مِنَ النَّارِ». رَوَاهُ مُسلم

#### বাংলা

২৪২৪-[৯] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, যখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সফরে থাকতেন ভোর হলে বলতেন,

''সামি'আ সা-মি'উন বিহাম্দিল্লা-হি ওয়া হুসনি বিলা-য়িহী 'আলায়না- ওয়া রব্বানা- স-হিবনা- ওয়া আফযিল 'আলায়না- 'আ-য়িযান বিল্লা-হি মিনান না-র''

(অর্থাৎ- সর্বশ্রোতা শ্রবণ করুক, আমরা আল্লাহর প্রশংসা করছি, আমাদের প্রতি তাঁর মহা অবদানের স্বীকৃতি ঘোষণা করছি। হে আমাদের রব! তুমি আমাদের সাথী হও ও আমাদের প্রতি দয়া করো। আমরা আল্লাহর কাছে জাহান্নামের আগুন থেকে আশ্রয় চাই।)। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭১৮, আবূ দাউদ ৫০৮৬, ইবনু খুযায়মাহ্ ২৫৭১, সহীহাহ্ ২৬৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা তুরবিশতী (রহঃ) বলেনঃ এখানে بلاء (পরীক্ষা) দ্বারা উদ্দেশ্য হলো নিয়ামত। আল্লাহ তা'আলা তার বান্দাদের পরীক্ষা করেন কোন ক্ষতি দিয়ে যাতে তারা ধৈর্য ধারণ করে। আত্মর্যাদা বা সম্মান দিয়ে পরীক্ষা



করেন যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করে। আল্লাহ তা'আলা বলেনঃ ''আমি তোমাদেরকে মন্দ ও ভাল দ্বারা পরীক্ষা করে থাকি এবং আমারই কাছে তোমরা প্রত্যাবর্তিত হবে''- (সূরা আল আম্বিয়া- ২১: ৩৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন